গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
Date- 17 JAN 2022
প্রাপ্ত পত্র নং..........................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিসিক শাখা
৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০৬৫.৯৯.০১২.২০/০৮

তারিখ : ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিষয়: দেশে লবণ শিল্পের সার্বিক অবস্থা পর্যালোচনার লক্ষ্যে সচিব, শিল্প মন্ত্রণালয়-এর সভাপতিত্বে গত ২২/১২/২০২১ তারিখে ভার্চুয়ালি (Zoom মাধ্যমে) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশে লবণ শিল্পের সার্বিক অবস্থা পর্যালোচনার লক্ষ্যে 'লবণের চাহিদা নিরূপণ, লবণনীতি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি'র সভাপতি জনাব জাকিয়া সুলতানা, সচিব, শিল্প মন্ত্রণালয়-এঁর সভাপতিত্বে গত ২২/১২/২০২১ তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় ভার্চুয়ালি (Zoom মাধ্যমে) সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো। একইসাথে সভায় গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত: সভার কার্যবিবরণী।

মোস্তাক আহমেদ
উপসচিব
ফোন: ৮৮-০২-২২৩৩৮৯৮০২
ইমেইল: dsbscic@moind.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা
৪। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুন বাগিচা, ঢাকা
১২। চেয়ারম্যান, বিসিক, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১৩। অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১৪। কমিশনার, বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা
১৫। কমিশনার, কাস্টমস, কাস্টম হাউস, কুর্মিটোলা, ঢাকা
১৬। পরিচালক, নিরাপদ খাদ্য গবেষণা ও উন্নয়ন কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, লেভেল-১২, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
১৭। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ডঃ কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

১৮। পরিচালক, মান উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই), তেজগাঁও, ঢাকা।
১৯। পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনিষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২০। মহাব্যবস্থাপক, লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, বিসিক, মোটল রোড, কক্সবাজার।
২১। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, ঢাকা।
২২। পরিচালক, শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগ, বিসিক, ঢাকা।
২৩। সভাপতি, বাংলাদেশ লবণ মিল মালিক সমিতি, সুইট নং-৭০৪, পল্টন টাওয়ার (৭ম তলা), ৮৭, পুরানা পল্টন লাইন, ঢাকা।
২৪। সভাপতি, বাংলাদেশ লবণ চাষী কল্যাণ সমিতি, ব্লক-২০, হাউজ-৬০, হোটেল হিল টাওয়ার, কলাতলী, কক্সবাজার।

<u>অনুলিপি :</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

১— ৭৫০—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিসিক শাখা
৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.moind.gov.bd

বিষয়: **সচিব, শিল্প মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে ২২/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত 'লবণের চাহিদা নিরূপণ, লবণনীতি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জাকিয়া সুলতানা, সচিব, শিল্প মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২২/১২/২০২১ |
| সময় | : | বিকাল ০৪.০০ ঘটিকা |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ এবং ভার্চুয়াল (Zoom)। |

সভায় ভার্চুয়ালি এবং সশরীরে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য কাজী সাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয়কে অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয় সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী লবণ উৎপাদন, চাহিদা, মজুদ, মূল্য ও আমদানি সংক্রান্ত বিষয়াদি উপস্থাপন করেন। অত:পর সভাপতি সম্মানিত সদস্যগণকে লবণ শিল্পের সার্বিক বিষয়ে মতামত প্রদানের জন্য আনুরোধ জানান।

০৩। মনির হোসেন হাওলাদার, উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয় বলেন, শিল্প লবণ আমদানির অনুমতি বাণিজ্য মন্ত্রণালয় দেয় না। মূলত বিডা'র আরোপিত শর্তপূরণ করে শিল্প আইআরসি'র মাধ্যমে শিল্প লবণ আমদানি করা যায়। তিনি উল্লেখ করেন, আইপিও ২০১৫-২০১৮ অনুসারে শিল্প লবণ আমদানির ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের কোন বিধিবিধান নেই।

০৪। বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এর প্রতিনিধি জনাব মাহমুদুল হাসান বলেন, গার্মেন্টস কোম্পানিগুলো ডায়িং-এর কাঁচামাল হিসেবে যে লবণ আমদানি করে থাকে তার জন্য কোন Import Permision প্রয়োজন হয় না। একইভাবে EPZ-এর মধ্যে যে সকল প্রতিষ্ঠান রয়েছে সে সকল প্রতিষ্ঠানেরও লবণ আমদানির অনুমতি গ্রহণের প্রয়োজন হয় না।

০৫। জনাব সরোয়ার হোসেন, উপ-মহাব্যবস্থাপক, সম্প্রসারণ বিভাগ, বিসিক বলেন, Industrial IRC- এর মাধ্যমে Basic Raw Material হিসেবে যে লবণ আমদানি হচ্ছে সেগুলো পোষক প্রতিষ্ঠান হচ্ছে বিডা, বিসিক এবং বস্ত্র অধিদপ্তর। এ ধরনের আমদানির ক্ষেত্রে বিসিক কোন সুপারিশ দিচ্ছে না। পূর্বে বন্ড কমিশনের অধীনে বন্ডেড ওয়েরহাউজের মাধ্যমে কিছু প্রতিষ্ঠান লবণ আমদানি করত। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে পত্র প্রেরণ করে বন্ড কমিশনের মাধ্যমে লবণ আমদানি বন্ধ করা হয়। তিনি আরও বলেন, কস্টিক সোডা উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ কাঁচামাল হিসেবে বিডা-এর মাধ্যমে চাহিদার তুলনায় অতিরিক্ত লবণ আমদানি করত। বর্তমানে শিল্প মন্ত্রণালয়ের সুপারিশের মাধ্যমে যথাযথ যাচাইপূর্বক লবণ আমদানির অনুমতি দেয়া হচ্ছে। এখন যেহেতু Industrial IRC চালু হয়েছে সেহেতু শিল্প মন্ত্রণালেয়র সুপারিশবিহীন লবণ আমদানির অনুমতি না দেয়ার বিষয়টি যদি আমদানি নীতি আদেশে অন্তর্ভুক্ত হয়, তাহলে লবণ আমদানি অনেকটা কমে আসবে বলে তিনি উল্লেখ করেন।

০৬। জনাব নুরুল কবির, সভাপতি, বাংলাদেশ লবণ মিল মালিক সমিতি বলেন, সোডিয়াম সালফেটের ওপর অতিরিক্ত শুল্ক আরোপের ফলশ্রুতিতে এ বছর অবৈধভাবে লবণ আমদানির পরিমাণ অনেকটাই কমে গিয়েছে। প্রতিকূল আবহাওয়ার কারণে লবণ উৎপাদন ব্যাহত হলে বর্তমানে যে পরিমাণ লবণ মজুদ রয়েছে তা দিয়ে দেশের লবণের চাহিদা মেটানো সম্ভব হবে না এবং লবণের সংকট তৈরি হবে মর্মে তিনি আশংকা ব্যক্ত করেন। তিনি লবণের মজুদ ও চাহিদার ব্যবধান অনুযায়ী কিছু লবণ আমদানির জন্য অনুরোধ করেন।

০৭। জনাব মো: আতিক সরকার, সহকারী পরিচালক, বিডা বলেন, লবণ আমদানির জন্য যখন কোনো প্রতিষ্ঠান আবেদন করে, তখন বিডা-এর কর্মকর্তা সে প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করেন। পূর্ববর্তী বছরের লবণের মজুদ জেরসহ উৎপাদন ব্যয় বিবরণী, কাঁচামাল ব্যবহার বিবরণী, সেলস্ স্টেটমেন্ট ইত্যাদি বিবেচনা করে লবণ আমদানির অনুমতি দেয়া হয়।

০৮। জনাব মোস্তফা কামাল চৌধুরী, সভাপতি, বাংলাদেশ লবণ চাষী কল্যাণ সমিতি বলেন, এ মুহূর্তে লবণ আমদানি হলে চাষীরা নিরুৎসাহিত হবে। বর্তমানে প্রায় ৮৫% লবণ চাষী মাঠে কাজ করছেন এবং বাকী চাষীরাও কিছুদিনের মধ্যে লবণ মাঠে উৎপাদন কাজে যুক্ত হবেন। চলতি লবণ মৌসুমে লবণ উৎপাদন আশানুরূপ হবে মর্মে অভিমত ব্যক্ত করেন।

০৯। জনাব মুহঃ মাহবুবর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) বলেন, ইতোমধ্যে লবণ উৎপাদন মৌসুম শুরু হয়েছে। এ সময় লবণ উৎপাদন আশানুরূপ না হলে পরিস্থিতি বিবেচনায় লবণ আমদানির অনুমতি প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে সম্প্রতি শিল্প মন্ত্রণালয় হতে বাণিজ্য মন্ত্রণালয়ে সুপারিশকৃত ৩ লক্ষ মেট্রিক টন লবণ আমদানির অনুমতি একসাথে না দিয়ে পর্যায়ক্রমে লবণ আমদানির অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

১০। জনাব জাকিয়া সুলতানা, সচিব, শিল্প মন্ত্রণালয় বলেন, জাতীয় লবণনীতি ও আমদানি নীতি আদেশে লবণ আমাদনির ক্ষেত্রে একই ধরনের বিধান থাকা সমীচিন। চলতি লবণ মৌসুমে লবণের পর্যাপ্ত ফলন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তবে লবণের বর্তমান মজুদ পরিস্থিতির সাথে চাহিদার ব্যবধান থাকায় সম্ভাব্য সংকট মোকাবেলায় কিছু পরিমাণ লবণ আমদানি করা যেতে পারে মর্মে তিনি অভিমত প্রদান করেন। লবণের উৎপাদন, মজুদ ও বাজার পরিস্থিতির হালনাগাদ তথ্যাদি লবণ সংশ্লিষ্টদের মধ্যে আদান-প্রাদনের লক্ষ্যে একটি WhatsApp গ্রুপ খোলার ওপর তিনি গুরুত্বারোপ করেন।

১১। **সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক. | লবণের উৎপাদন ও মজুদ পরিস্থিতির আলোকে সম্ভাব্য সংকট মোকাবেলার জন্য আপাতত ১.৫০ (এক দশমিক পাঁচ শূন্য) লক্ষ মেট্রিক টন লবণ আমদানির প্রস্তাব বিসিক হতে প্রাপ্তি সাপেক্ষে অনুমতি প্রদানের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে সুপারিশ করা হবে। | শিল্প মন্ত্রণালয় |
| খ. | লবণের উৎপাদন, মজুদ ও বাজার পরিস্থিতির হালনাগাদ তথ্যাদি সংশ্লিষ্টদের মধ্যে আদান-প্রাদনের লক্ষ্যে একটি WhatsApp গ্রুপ খুলতে হবে। | চেয়ারম্যান, বিসিক |
| গ. | জাতীয় লবণনীতি ও আমদানি নীতি আদেশে লবণ আমদানির বিষয়ে সামঞ্জস্যপূর্ণ বিধান রাখতে হবে। | শিল্প মন্ত্রণালয়<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| ঘ. | Industrial IRC অথবা Bonded Warehouse-এর মাধ্যমে লবণ আমদানির ক্ষেত্রে প্রয়োজনের নিরীখে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহকে অনুমতি দিতে হবে এবং লবণ আমদানির অনুমতিপত্রের অনুলিপি শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিডা, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর |

১২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.12.2021

জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
'লবণের চাহিদা নিরূপণ, লবণনীতি বাস্তবায়ন
ও মনিটরিং কমিটি'।